সারা দেশে মাদকের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্ম সূচি গ্রহণ ও বাস্তবায়িত হচ্ছে। সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ, সমাজের সর্ব স্তরের জনগণ, বিভিন্ন পেশাজীবী এবং গণমাধ্যমের সম্মিলিত প্রচেষ্টায় মাদকবিরোধী সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক একটি সমন্বিত কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। সমন্বিত কর্ম পরিকল্পনাটি বাস্তবায়নের জন্য গত ২৮.০২.২০২২ তারিখ ঢাকা বিভাগ; গত ১৩ মার্চ ২০২২ তারিখ সিলেট বিভাগ, গত ১৫.০৩.২০২২ তারিখ চট্টগ্রাম বিভাগ, গত ২৯ মার্চ ২০২২ তারিখ রাজশাহী বিভাগ, গত ২২ মে ২০২২ বরিশাল বিভাগ, গত ২৯ মে ২০২২ খুলনা বিভাগ এবং ০১ জুন ২০২২ রংপুর বিভাগে কর্ম শালা অনুষ্ঠিত হয়েছে। জেলা পর্য ায়েও সমন্বিত কর্ম পরিকল্পনা বাস্তবায়নে কর্ম শালা আয়োজিত হচ্ছে। এছাড়াও ৬০টি জেলায় এবং ৩৫৫টি উপজেলায় কর্ম শালা অনুষ্ঠিত হয়েছে। পর্য ায়ক্রমে অবশিষ্টবিভাগ, জেলা এবং উপজেলাগুলোতে কর্ম শালা আয়োজন করে সকলের মতামতের ভিত্তিতে কর্ম পরিকল্পনা চূড়ান্ত করে শীঘ্রই বাস্তবায়ন করা হবে। উক্ত কর্ম পরিকল্পনায় সকল স্তরের মানুষকে মাদকের ভয়াল থাবা থেকে রক্ষায় ইউনিয়নের সব ওয়ার্ডে বছরব্যাপী মাদকবিরোধী বিভিন্ন কর্ম কান্ড অন্তর্ভু ক্ত করা হয়েছে।

ক্রমিক নং	বিভাগের নাম	জেলা			উপজেলা		
		মোট জেলা	CAP সম্পন্ন হয়েছে	CAP সম্পন্ন হয়নি	মোট উপজেলা	CAP সম্পন্ন হয়েছে	CAP সম্পন্ন হয়নি
০১	ঢাকা	১৩টি	১৩টি	--	১২৩টি	৪৮টি	৭৫টি
০২	চট্টগ্রাম	১১টি	১০টি	০১টি	১০৩টি	৬১টি	৪২টি
০৩	সিলেট	০৪টি	০৩টি	০১টি	৪১টি	৪১টি	---
০৪	রাজশাহী	০৮টি	০৮টি	--	৬৬টি	৬৬টি	---
০৫	রংপুর	০৮টি	০৮টি	--	৫৮টি	৩০টি	২৮টি
০৬	ময়মনসিংহ	০৪টি	০১টি	০৩টি	১৩টি	০৫টি	০৮টি
০৭	খুলনা	১০টি	১০টি	--	৫৯টি	৪৬টি	১৩টি
০৮	বরিশাল	০৬টি	০৩টি	০৩টি	৪১টি	---	৪১টি
	সর্ব মোট	৬৪টি	৫৬টি	০৮টি	৪৯৫টি		

সমন্বিত কর্ম পরিকল্পনা চূড়ান্তকরণের নিমিত্ত অনুষ্ঠিত কর্ম শালার স্থির চি

ঢাকা বিভাগ

রংপুর বিভাগ

রাজশাহী বিভাগ

১৫.৮ ডকুমেন্টারি, শর্ট ফিল্মনির্মাণ ও টিভি-পত্রিকায় বিজ্ঞাপন : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রচারণামূলক কাজের ক্ষেত্রে মাদকবিরোধী শর্ট ফিল্ম টিভি স্পট ও ডকুমেন্টারি প্রদর্শন করে থাকে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২০২১-২০২২ অর্থ বছরে এ পর্য ন্ত মোট ২৫টি টিভিসি, ০২টি প্রামাণ্য চিত্র এবং ১টি শর্ট ফিল্ম নির্মাণ এবং ২৫টি টকশো বিভিন্ন বেসরকারি টেলিভিশন চ্যানেলে প্রচার করা হয়েছে। জনসচেতনতা বৃদ্ধির জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর নির্মি ত আধুনিক ও আকর্ষ ণীয় ফিলার, টিভিসি, শর্ট ফিল্ম নাটক-নাটিকা, ডকুড্রামা, থিমসং বিভিন্ন টিভি চ্যানেল, ইউটিউব এবং ফেসবুক পেজ-এর মাধ্যমে প্রচার হওয়ায় জনসচেতনতা বাড়ছে।

১৫.৯ সোশ্যাল মিডিয়া ও ইন্টারনেটভিত্তিক কার্য ক্রম: সোশ্যাল মিডিয়াকে গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম হিসেবে নিয়েছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। বিশেষ করে তরুণরা সোশ্যাল মিডিয়ায় ব্যাপকভাবে সম্পৃক্ত। তাই জনসম্পৃক্ততা সৃষ্টির লক্ষ্যে ২০১৫ সালের আগস্ট থেকে Facebook page (Department of Narcotics Control)-এর মাধ্যমে অধিদপ্তরের মাঠ পর্য ায়ের অফিসসমূহের কার্য ক্রমের তথ্য ও ছবি প্রচার করা হচ্ছে। যে কোনো ব্যক্তি তার মতামত, অভিজ্ঞতা, পরামর্শ অধিদপ্তরের ফেসবুক পেইজএর মাধ্যমে প্রকাশ করতে পারছে, যা সহজে কর্তৃপক্ষের নজরে আসছে এবং ফেসবুকে সংযুক্ত অন্য ব্যক্তিবর্গ তা জানতে পারছেন ফলে যে কোনো তথ্য দ্রুততম সময়ে ফেসবুকে সংযুক্ত সবার মধ্যে প্রচার করা সম্ভব হচ্ছে। সোশ্যাল মিডিয়া ও ইন্টারনেটভিত্তিক কার্য ক্রমের ফলে বিপুলসংখ্যক

মানুষ মাদক সচেতনতার আওতাভুক্ত হয়েছেন। বর্তমানে এই পেজের ফলোয়ারের সংখ্যা ১ লক্ষ ২৫ হাজার ২১৩ এবং লাইক এর সংখ্যা ১ লক্ষ ১৮ হাজার ৬৪১।

ফেসবুক পেজে প্রচারিত মাদকবিরোধী ডিজিটাল কনটেন্ট

১৫.১০ ধর্মীয় মূল্যবোধ-এর আলোকে মাদকবিরোধী কার্যক্রম : মাদকের আগ্রাসন কমাতে ধর্মীয় মূল্যবোধ বাড়ানোর ওপর গুরুত্ব দেয়া হচ্ছে। মসজিদের ইমামগণের মাধ্যমে জুমার নামাজের খুতবার পূর্বে মাদকবিরোধী বয়ানের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সুরক্ষা সেবা বিভাগে অনুষ্ঠিত বিভাগীয় কমিশনার সম্মেলনেও এ বিষয়টি নিয়মিত আলোচনা ও ফলোআপ করা হচ্ছে। ইমামদের প্রশিক্ষণ মডিউলে মাদকবিরোধী কী ধরণের বক্তব্য বা বিষয় অন্তর্ভুক্ত করা যায় এবং মসজিদে মাদকবিরোধী আলোচনার বিষয় এবং কৌশল নির্ধারণের বিষয়ে ০১ ডিসেম্বর ২০২০ তারিখে মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ইসলামিক ফাউন্ডেশন ইমাম প্রশিক্ষণ মডিউলে মাদকের বিষয় অন্তর্ভুক্ত করে তা হালনাগাদ করা হয়েছে।

১৬.০ সরবরাহ হ্রাস (Supply Reduction) : মাদকের সরবরাহ বন্ধ করা বা কমিয়ে আনার বিষয়টি একটি বড় চ্যালেঞ্জ। মাদক কারবারীরা নিত্য নতুন কৌশল অবলম্বন করছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর তাদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করছে। দেশে মাদকের সরবরাহ হ্রাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ২০২০-২১ অর্থ বছরে নিম্নবর্ণিত কার্যাবলিসম্পাদন।

১. দেশে মাদকদ্রব্যের উৎপাদন, বিপণন, চোরাচালান ও অপব্যবহার সংক্রান্ত গোপন সংবাদ সংগ্রহ ও রিপোর্ট প্রণয়ন;

২. মাদকের সরবরাহ ও চাহিদা নিয়ন্ত্রণের জন্য মাদক অপরাধীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা ও তল্লাশী করা;

৩. মাদক কারবারীদের গ্রেপ্তার, অবৈধ মালামাল আটক, মামলা রুজুকরণ, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে তদন্ত পরিচালনা, সাক্ষ্য দান ও বিচারকার্যে সহায়তা প্রদান;

৪. মোবাইল কোর্ট পরিচালনা;

৫. মাদকের বিরুদ্ধে পরিচালিত অভিযান সংক্রান্ত কার্য ক্রম মনিটরিং ও পরিদর্শন;

৬. মাদক ও মাদকজাতীয় উদ্ভিদ বিনষ্টকরণ (Crop eradication and destruction of drugs);

৭. INCB, UNODC, SAARC, BIMSTEC, DEA, COLOMBO PLAN-সহ সকল আন্তর্জাতিক,আঞ্চলিক ও বৈদেশিক সংস্থার সঙ্গে যোগাযোগ ও মাদক অপরাধ সম্পর্কিত তথ্য বিনিময় এবং কাজের সমন্বয় সাধন;

৮. দেশের অভ্যন্তরে সকল আইন প্রয়োগকারী সংস্থার সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন;

৯. মাদক অপরাধ সংক্রান্ত ডাটাবেজ সংরক্ষণ;

১০. ঢাকায় ১টি এবং টেকনাফের জন্য ১টি বিশেষ টাস্কফোর্স গঠন করা হয়েছে

১১. মিয়ানমার হতে টেকনাফ হয়ে বাংলাদেশে ইয়াবার অনুপ্রবেশ বৃদ্ধি পাওয়ায় তা প্রতিহত করার জন্য স্থায়ীভাবে ২৯ জনবলের একটি স্বয়ংসম্পূর্ণ অফিস স্থাপন করা হয়েছে।টেকনাফের নাফ নদীতে অভিযান পরিচালনার জন্য ২টি স্পিড বোট সংগ্রহ করা হয়েছে।

১২. সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক পাক্ষিকভাবে ৭২টি ইউনিটের কার্য ক্রম নিয়মিতভাবে মনিটর করা হচ্ছে

১৩. মাদক পাচারের রুট চিহ্নিত করে নিয়মিত মাদকবিরোধী অভিযান, টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হচ্ছে

১৪. মাদক পাচারকারী ও অবৈধ মাদক ব্যবসায়ীদের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে এবং তালিকাভুক্তদের গ্রেফতারপূর্ব ক বিচারে সোপর্দ করার জন্য অব্যাহতভাবে অভিযান পরিচালনা করা হচ্ছে।

১৫. এসব কাজ সম্পাদনের জন্য দেশের ৮টি বিভাগ, ৬৪টি জেলা, ৪টি মেট্রো কার্য ালয় ও৮টি বিভাগীয় গোয়েন্দা কার্য ালয় নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সীমান্ত দিয়ে যাতে মাদকদ্রব্য আসতে না পারে সেজন্য বিজিবি ও কোস্টগার্ড নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ট্রেনে, বাসে, স্টিমারে, লঞ্চে, ট্রাকে বা অন্য কোনো যানবাহনে যাতে মাদক পরিবহণ হতে না পারে সেজন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ সব আইন প্রয়োগকারী সংস্থা নিয়মিত অভিযান পরিচালনা করছে।

১৬. সমুদ্রবন্দর, বিমানবন্দর ও স্থলবন্দর যাতে মাদক পাচারের রুট হিসাবে ব্যবহৃত হতে না পারে মংলা সমুদ্রবন্দর, চট্টগ্রাম সমুদ্রবন্দর, বেনাপোল স্থলবন্দর, হযরত শাহজালাল বিমানবন্দর, ঢাকা এবং হযরত আমানত শাহ্ বিমানবন্দর, চট্টগ্রামে জনবল পদায়নের মাধ্যমে নজরদারি বৃদ্ধি করা হয়েছে।

১৭. নিয়মিত অভিযান পরিচালনা ও আলামত উদ্ধার

১৭.১ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মাদক সংশ্লিষ্ট অপরাধে দায়েরকৃত মামলা, আসামী এবং উদ্ধারকৃত মাদকের বিবরণ:

ক্র:	অর্থ বছর	মামলা	আসামী	আলামত
১.	২০১৫-২০১৬	৫৭৩২	৬১০৫	(১) ইয়াবা-১০৮৮৯১১ পিস, (২) গাঁজা-২১৬৮.৬০৩ কেজি, (৩) হেরোইন-৫.৬৬৩ কেজি, (৪) গাঁজা গাছ-৫৭২টি. (৫) ফেন্সিডিল-১৬৮১০ বোতল, (৬) ফেন্সিডিল-৯.৫ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-১৭৬১৬ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-২৪২৮ বোতল।
২.	২০১৬-২০১৭	৯৬৯৮	১০৫০৬	(১) ইয়াবা-৮১৬৭ পিস, (২) গাঁজা-৩৬০০.০৪৩ কেজি, (৩) হেরোইন-১৪.২৭১ কেজি, (৪) গাঁজা গাছ-৮৮ টি. (৫) ফেন্সিডিল-২৫৮৯০ বোতল, (৬) ফেন্সিডিল-১৮৯.৮৭ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-৭২১৫ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-২৯৫৩ বোতল।
৩.	২০১৭-২০১৮	১১৭৮৫	১২৯০	(১) ইয়াবা-২১০৫৭৮৫ পিস, (২) গাঁজা-৩৪১৪.৫৮৬ কেজি, (৩) হেরোইন-১৭.৫২৬ কেজি, (৪) গাঁজা গাছ-২০৩ টি. (৫) ফেন্সিডিল-২৬৪৭৫ বোতল, ৯৬) ফেন্সিডিল-২৬.৫৫ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-১৫৬৪৩ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-৩৭৮০ বোতল।
৪.	২০১৮-২০১৯	১৩৬৪৮	১৪৬৭৯	(১) ইয়াবা-১৮৮০৪৩৫ পিস, (২) গাঁজা-১৬১৮.৩৪৪ কেজি, (৩) হেরোইন-৯.৬২৬ কেজি, (৪) গাঁজা গাছ-৪৬ টি. (৫) ফেন্সিডিল-২০৪০৭ বোতল, (৬) ফেন্সিডিল-১১.৪ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-৬২৯১৫ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-১০৮৫ বোতল।
৫.	২০১৯-২০২০	১০৮৬০	১১৪১১	(১) ইয়াবা-৬০৬৬০৫ পিস, (২) গাঁজা-১০৮১.০৯৬ কেজি, (৩) হেরোইন-৬.১২১ কেজি, (৪) গাঁজা গাছ-৪৩ টি. (৫) ফেন্সিডিল-১৭৫৪০ বোতল, (৬) ফেন্সিডিল-১৯৬৫ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-১২৫৬৪ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-১৫৮৮ বোতল।
৬.	২০২০-২০২১	৭৫৬৩	৮০৫৮	(১) ইয়াবা-১২০৩২০৭ পিস, (২) গাঁজা-১৬৩৪.৭২৩ কেজি, (৩) হেরোইন-৫.২৮১ কেজি, (৪) গাঁজা গাছ-৫৫১টি. (৫) ফেন্সিডিল-৭৯৯৩ বোতল, (৬) ফেন্সিডিল-১.১০৮ লিটার,(৭) ইনজেক্টিং ড্রাগ-৫১৩০ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-৮৫০ বোতল।
৮.	২০২১-২০২২	১৫৫২৭	১৯০২৯	(১) ইয়াবা-৪৬২০২৮১ পিস, (২) গাঁজা-৫৪৮৩.৭৯৯ কেজি, (৩) হেরোইন-৯.৭০৪ কেজি, (৪) গাঁজা গাছ-১৩৩২ টি. (৫) ফেন্সিডিল-২০৩২৭ বোতল, (৬) ফেন্সিডিল-৩ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-৪৪৭৮২ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-৮৯৬ বোতল।
৯..	২০২২-২০২৩	৩৩০২	৩৬২০	(১) ইয়াবা-৮৩৭৮২৯ পিস, (২) গাঁজা-১৩৮৮.১৪৬ কেজি, (৩) হেরোইন-১.৬২৯ কেজি, (৪) গাঁজা গাছ-৩৪ টি. (৫) ফেন্সিডিল-৪১৯৩ বোতল, (৬) ফেন্সিডিল-৪ লিটার, (৭) ইনজেক্টিং ড্রাগ-১২৪৯৯ এ্যাম্পুল, (৮) বিদেশীমদ-৩৭৪ বোতল।

১৭.২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ পুলিশ, বিজিবি, র‍্যাব ও কোস্টগার্ড কর্তৃক আটককৃত উল্লেখযোগ্য মাদকদ্রব্য:

ক্রম	বছর	আলামত
১.	২০১৫	(১) ইয়াবা-২০১৭৮৫৮১ পিস, (২) গাঁজা-৩৯৯৬৭.৫৯৪ কেজি, (৩) হেরোইন-১০৭.৫৩৯ কেজি, (৪) ফেন্সিডিল-৮৬৯৮২৮ বোতল, (৫) ফেন্সিডিল-৫১০৪.৭৫লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-৮৫৯৪৬ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ- ৩২২৫৮৯ বোতল (৮) কোকেন-৫.৭৭৮ কেজি।
২.	২০১৬	(১) ইয়াবা-২৯৪৫১৭৮ পিস, (২) গাঁজা-৪৭১০৪.৬৫৫ কেজি, (৩) হেরোইন-২৬৬.৭৮৫ কেজি, (৪) ফেন্সিডিল-৫৬৬৫২৫ বোতল, (৫) ফেন্সিডিল-২৭৫.৬৮ লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১৫২৭৪০ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-২৮৪২০৪ বোতল (৮) কোকেন-০.৬২ কেজি।
৩.	২০১৭	(১) ইয়াবা-৪০০৭৯৪৪৩ পিস, (২) গাঁজা-৬৯৯৮৯.৫০৮ কেজি, (৩) হেরোইন-৪০১.৬৩৩ কেজি, (৪) ফেন্সিডিল-৭২০৮৪৩ বোতল, (৫) ফেন্সিডিল-৩৩৮.৭২লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১০৯০৬৩ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-১৫৫৮০৬ বোতল (৮) কোকেন-৩.৬ কেজি।
৪.	২০১৮	(১) ইয়াবা-৫৩০৪৮৫৪৮ পিস, (২) গাঁজা-৬০২৯৫.১২৪ কেজি, (৩) হেরোইন-৪৫১.৫০৬ কেজি, (৪) ফেন্সিডিল-৭১৫৫২৯ বোতল, (৫) ফেন্সিডিল-৫৩৯.৯৫ লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১২৮৭০৮ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-১০৫৭১৯ বোতল (৮) কোকেন-০.৭৫কেজি।
৫.	২০১৯	(১) ইয়াবা-৩০৪৪৬৩২৮ পিস, (২) গাঁজা-৩২৬৫৭.৬৯৯ কেজি, (৩) হেরোইন-৩২৩.২৭৯৮ কেজি, (৪) ফেন্সিডিল-৯৭৬৬৬৩ বোতল, (৫) ফেন্সিডিল-১৮৩১.০৫লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-৪১২৩৬ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-১১৩২৭৯ বোতল (৮) কোকেন-১কেজি।
৬.	২০২০	(১) ইয়াবা-৩৬৩৮১০১৭ পিস, (২) গাঁজা-৫০০০৭৮.৫৪৯ কেজি, (৩) হেরোইন-২১০.৪৩৮ কেজি, (৪) ফেন্সিডিল-১০০৭৯৭৭ বোতল, (৫) ফেন্সিডিল-১২৯.৪ লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১২৪৬০৮ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-১৩২৫৩৯ বোতল (৮) কোকেন-৩.৮৯৩কেজি।
৭.	২০২১	(১) ইয়াবা-৫৩০৭৩৬৬৫ পিস, (২) গাঁজা-৮৬৬৯৬.২৮১ কেজি, (৩) হেরোইন-৪৪১.২২১ কেজি, (৪) ফেন্সিডিল-৫৭৪৩০১ বোতল, (৫) ফেন্সিডিল-১০৬.৬০৮ লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১১৩০৭০ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-২২৫৩২৮ বোতল (৮) কোকেন-১.৫৫ কেজি।
৮.	২০২২	(১) ইয়াবা-৩১০৫২৩০৫ পিস, (২) গাঁজা-৬৫৯৭০.৯৬৯ কেজি, (৩) হেরোইন-১৯২.৫১১ কেজি, (৪) ফেন্সিডিল-৪৭৫৫২১ বোতল, (৫) ফেন্সিডিল-৪৭.৪ লিটার, (৬) ইনজেক্টিং ড্রাগ-১১০৬৫৯ এ্যাম্পুল, (৭) বিদেশীমদ-১৬৯০১৩ বোতল (৮) কোকেন-৪.১কেজি।

১৭.৩ মাদক অপরাধ সংক্রান্ত মোবাইল কোর্টে র পরিসংখ্যান

সালের নাম	অভিযান	মামলা	গ্রেফতার
২০১৫	১৪৯৩৭	৭৪৮৭	৭৮২৩
২০১৬	১৩৫৪১	৬৪৩০	৬৫৯২
২০১৭	১২২১২	৫৯৯১	৬০৪৪
২০১৮	১৩৮২১	৬৭৭৬	৬৮৬৬
২০১৯	১৮৪২৪	৯৪৪৪	৯৪৮৪
২০২০	২৩১৯৩	১০৪৭১	১০৪৯৮
২০২১	২৮৫০৬	১২১৪৭	১২১৭২
২০২২	২০৪২৯	৯১৩১	৯১৬২

১৭.৪ মাদক অপরাধ সংক্রান্ত দায়েরকৃত মামলা নিষ্পত্তির বিবরণ:

বছর	বিচার নিষ্পন্ন মামলা			সাজা/খালাসপ্রাপ্ত আসামী		মোট
	সাজা	খালাস	মোট	সাজাপ্রাপ্ত	খালাসপ্রাপ্ত	
২০১৫	৮৯২ (৪৮%)	৯৮১	১৮৭৩	৯৭১ (৪৮%)	১০৪২	২০১৩
২০১৬	২৩৫৬ (৪৪%)	২৯৯২	৫৩৪৮	২৯২৭ (৪১%)	৪২০৬	৭১৩৩
২০১৭	১০১৬ (৪০%)	১৫২৮	২৫৪৪	১০৬৫ (৪০%)	১৬১৫	২৬৮০
২০১৮	৫৯২ (৪১%)	৮৪৩	১৪৩৫	৬৩১ (৪১%)	৯১১	১৫৪২
২০১৯	৬৪২ (৩৯%)	১০১২	১৬৫৪	৬৭৮ (৩৮%)	১০৭৮	১৭৬৫
২০২০	৩১০ (৪৩%)	৪১২	৭২২	৩৩৩ (৪৩%)	৪৩৩	৭৬৬
২০২১	৬৬১ (৪০%)	১০০৩	১৬৬৪	৮৫১ (৫০%)	৮৪২	১৬৯৩
২০২২	৫৩৪ (৪৭%)	৬০১	১১৩৫	৫০২ (৪৩%)	৬৬২	১১৬৪

কক্সবাজারে ১ লক্ষ ৭০ হাজার পিস ইয়াবা উদ্ধার

ব্রাহ্মণবাড়িয়া ১১৫ কেজি গাঁজা উদ্ধার

টেকনাফে ১ লাখ পিস ইয়াবা ও ১ কেজি আইস উদ্ধার

ঢাকাতে তিন কেজি আফিমসহ ২ জন গ্রেফতার

চাঁদপুরে ২০ কেজি গাঁজাসহ তিনজন আটক

চাঁদপুরে ৩৪০ বোতল ফেন্সিডিল উদ্ধার

নিয়মিত অভিযান পরিচালনায় আলামত উদ্ধার

১৮.০ মাদকের উল্লেখযোগ্য ক্ষতিকর দিক :

মাদকের নাম, উপাদান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী শ্রেণি	ক্ষতিকর প্রভাব
ক্রিস্টাল মেথ (Crystal Meth) /আইস (Ice), Methyl Amphetamine (রাসায়নিক উপাদান) ক-শ্রেণির মাদক	• শক্তিশালী আসক্তি সৃষ্টিকারী মাদক • ক্ষুধামন্দা • প্রজনন ক্ষমতা হ্রাস • অতিরিক্ত উত্তেজনা সৃষ্টি করে উচ্চ রক্তচাপ • সহিংস আচরণ ইত্যাদি।
এলএসডি (LSD) Lysergic acid Diethylamide খ-শ্রেণির মাদক	• শক্তিশালী মতিভ্রম সৃষ্টিকারী মাদক • অলীক ভাবনা • বিষণ্নতা • আত্মহত্যার প্রবণতা • দৃষ্টিভ্রম • ক্ষুধামন্দা ইত্যাদি।
ক্যানাবিস ব্রাউনিস কেক (Cannabis Brownies গাঁজার নির্য াস(extract) হতে তৈরি Cake) খ-শ্রেণির মাদক	• স্মৃতিশক্তি হ্রাস • অলীক ভাবনা • মস্তিষ্কের স্থায়ী ক্ষতি হওয়া • জননাঙ্গে ক্যান্সার হওয়ার ঝুঁকি থাকে ইত্যাদি
খাত (Khat) Cathine & Cathinone খ-শ্রেণির মাদক	• ক্ষুধামন্দা • অনিদ্রা সৃষ্টিকারী • ওজন হ্রাস • স্নায়ু উত্তেজনা সৃষ্টিকারী মাদক • মুখে ও গলায় ক্যান্সার সৃষ্টিকারী ইত্যাদি
ফেনইথাইলএ্যামিন (Phenethylamine) Methamphetamine এর raw materials খ-শ্রেণির মাদক	• মস্তিষ্ক বিকৃতি • নিদ্রাহীনতা • খিঁচুনি • রক্তচাপ বৃদ্ধি ও হার্ট অ্যাটাক • অস্বাভাবিক হৃদস্পন্দন • ফুসফুসের প্রদাহসহ ফুসফুসে

মাদকের নাম, উপাদান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী শ্রেণি	ক্ষতিকর প্রভাব
সিসা (Shisha) Nicotine≥০.২% খ-শ্রেণির মাদক	• যক্ষ্মাসহ বক্ষব্যাধিতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ • স্ট্রোক • মুখ ও ফুসফুসের ক্যান্সার • মুখে ঘাঁ • শারীরিক রোগপ্রতিরোধ ক্ষমতা হ্রাস ইত্যাদি।
হেরোইন (Heroine) Diacetyl Morphine ক-শ্রেণির মাদক	• শক্তিশালী আসক্তি সৃষ্টিকারী মাদক • লিভার ক্যান্সার • ফুসফুস ক্যান্সার • তীব্র কোষ্ঠকাঠিন্য • কিডনি ও হার্ট রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ • দৃষ্টিশক্তি কমে যাওয়া • প্রজনন সংক্রান্ত সমস্যা
কোকেন (Cocaine) Erythroxylum novogranatense ক-শ্রেণির মাদক	• তীব্র শক্তিশালী স্নায়ু উত্তেজনা সৃষ্টিকারী মাদক • মস্তিষ্ক বিকৃতি ঘটে • স্ট্রোক হয় • হার্ট অ্যাটাক • আত্মহত্যার প্রবণতা • সহিংস আচরণ ইত্যাদি।
ইয়াবা (Yaba) Methyl Amphetamine ক-শ্রেণির মাদক	• তীব্র শক্তিশালী স্নায়ু উত্তেজনা সৃষ্টিকারী মাদক • সহিংস আচরণ • ক্ষুধামন্দা • ফুসফুস ক্যান্সার • হার্ট অ্যাটাক ও উচ্চ রক্তচাপ • প্রজনন ক্ষমতা হ্রাসইত্যাদি
গাঁজা (Cannabis) Tetrahydrocannabinol খ-শ্রেণির মাদক	• শক্তিশালী মতিভ্রম সৃষ্টিকারী মাদক • স্মৃতিশক্তি হ্রাস • অলীক ভাবনা • মুখে ও ফুসফুসে ক্যান্সার ইত্যাদি।

মাদকের নাম, উপাদান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী শ্রেণি	ক্ষতিকর প্রভাব		মাদকের নাম, উপাদান এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ অনুযায়ী শ্রেণি	ক্ষতিকর প্রভাব
	টিউমার ও ক্যান্সার হতে পারে।			
ফেনসিডিল (Phensidyl)/ এসকাফ (Eskuf) Codeine Phosphate ক-শ্রেণির মাদক	• শক্তিশালী আসক্তি সৃষ্টিকারী মাদক • প্রজনন সংক্রান্ত সমস্যা • কিডনি বিকল • লিভার ক্যান্সার • তীব্র কোষ্ঠকাঠিন্য		ম্যাজিক মাশরুম (Psilocybin) Psilocybin mushroom খ-শ্রেণির মাদক	• শক্তিশালী মতিভ্রম সৃষ্টিকারী মাদক • দৃষ্টিভ্রম ও অলীক ভাবনা • ক্ষুধামন্দা • অনিয়মিত হৃৎস্পন্দন ও উচ্চ রক্তচাপ • প্রজনন ক্ষমতা হ্রাস

১৯.০ ক্ষতি হ্রাসে (Harm Reduction) কার্য ক্রম:

- মাদকনির্ভরশীলতা শারীরিক ও মানসিক অসুস্থতার নামান্তর মাত্র। মাদকদ্রব্য বারবার গ্রহণের মধ্য দিয়ে ওই মাদকের প্রতি রোগীর শারীরিক নির্ভরশীলতা বৃদ্ধি পায়। ফলে মাদক নির্ভরশীল ব্যক্তি না চাইলেও তাকে পুনরায় মাদক গ্রহণ করতে হয়। ক্রমাগত মাদক গ্রহণের ফলে মাদকাসক্ত ব্যক্তিকে ওজন হ্রাসসহ জটিল শারীরিক সমস্যায় ভূগতে হয়।

- ক্ষতি হ্রাসের অংশ হিসেবে মাদকাসক্তদের সুস্থ জীবনে ফিরিয়ে আনার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে নিরাময় কেন্দ্র স্থাপন করে চিকিৎসা দেওয়া হচ্ছে। দেশে মাদকাসক্ত রোগীদের চিকিৎসার জন্য সরকারিভাবে ৪টি নিরাময় কেন্দ্র আছে, যা মোট মাদকাসক্ত রোগীর তুলনায় একেবারেই অপ্রতুল। এছাড়া জুন, ২০২১ সাল পর্যন্ত বেসরকারি পর্যায়ে৩৬৫টি মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনার লাইসেন্স দেওয়া হয়েছে এগুলোতে সর্ব মোট৪ হাজার ৭০১টি বেড রয়েছে।

- ক্ষতি হ্রাসের অংশ হিসেবে মাদকাসক্তদের সুস্থ জীবনে ফিরিয়ে আনার জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে নিরাময় কেন্দ্র স্থাপন করে চিকিৎসা দেওয়া হচ্ছে। দেশে মাদকাসক্ত রোগীদের চিকিৎসার জন্য সরকারিভাবে ৪টি নিরাময় কেন্দ্র আছে, যা মোট মাদকাসক্ত রোগীর তুলনায় একেবারেই অপ্রতুল। এছাড়া জুন, ২০২২ সাল পর্যন্ত বেসরকারি পর্যায়ে৩৬২টি মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন কেন্দ্র পরিচালনার লাইসেন্স দেওয়া হয়েছে এগুলোতে সর্ব মোট৪ হাজার ৮১৬ টি বেড রয়েছে।

- জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকায় দেশের বিদ্যমান সরকারি চিকিৎসা ব্যবস্থাকে কাজে লাগিয়ে কিভাবে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসার আওতায় আনা যায় সে সংক্রান্ত কর্ম পরিকল্পনা(Action Plan) প্রণয়নের লক্ষে গত ০৬.০১.২০২২ তারিখে কর্ম শালা অনুষ্ঠিত হয়।

কর্ম শালার খন্ডচিত্র

- সাম্প্রতিক সময়ে জানা যায়, কুরিয়ার সার্ভিস/এক্সপ্রেস কার্গোকে মাধ্যম হিসেবে ব্যবহার করে মাদক ব্যবসায়ীরা বাংলাদেশ থেকে পৃথিবীর বিভিন্ন দেশে এবং বিদেশ থেকে দেশের অভ্যন্তরে মাদক পাচার করছে। এতে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন হওয়ার পাশাপাশি জনশক্তি রপ্তানিতেও সমস্যার সৃষ্টি হতে পারে। মাদকের বিরুদ্ধে সরকারের জিরো টলারেন্স বাস্তবায়ন করতে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের প্রতিনিধি, কুরিয়ার সার্ভিসগুলোর প্রতিনিধি, র‍্যাব, পুলিশ, বিজিবিসহ অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যদের সমন্বয়ে এ বিষয়ে কর্ম পন্থা নির্ধারণও সচেতনা তৈরি করতে একটি কর্ম শালার আয়োজন করা হয়েছে।

১৯.১ বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহকে অনুদান প্রদান : বর্তমান সরকারের নির্বাচনীইশতেহার, ২০১৮-এ প্রতিটি জেলায় বেসরকারি মাদকসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন এবং কেন্দ্রসমূহকে অনুদান প্রদানের বিষয়টি অর্ন্তভুক্ত রয়েছে। সে মোতাবেক 'বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯ প্রণয়ন করা হয়েছে। ১৬ মার্চ ২০২০ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভা কক্ষে সচিব, সুরক্ষা সেবা বিভাগ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় নির্বাচিতবেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের মান উন্নয়নে আর্থিকঅনুদান প্রদান কার্যক্রমেরশুভ উদ্বোধন করেন। প্রাথমিকভাবে ৯১টি বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে তাদের কাজের স্বীকৃতিস্বরুপ ৯৫ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে। ২০২০-২১ অর্থ বছরে১৩৭টি নিরাময় কেন্দ্রকে ১ কোটি ৫০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। 'বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০১৯ সংশোধনপূর্বক'বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসনকেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান সংক্রান্ত নীতিমালা, ২০২২ প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালার আলোকে ২০২১-২০২২ অর্থ বছরে ৪০ টি প্রতিষ্ঠানকে ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

২৪ মে ২০২২ তারিখে বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্রগুলোর মান উন্নয়নে সরকারি অনুদান প্রদান কার্যক্রমের উদ্বোধন করেনজনাব আসাদুজ্জামান খান, এমপি, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুরক্ষা সেবা বিভাগের সচিব, জনাব মোঃ মোকাব্বির হোসেন এবং জনাব মো: আব্দুস সবুর মন্ডল পিএএ

১৯.২ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের বিবরণ :

ক্রম	নিরাময় কেন্দ্রের নাম	বেড সংখ্যা	অবস্থান	দায়িত্বপ্রাপ্ত কর্ম কর্তার পদবি ও ফোন নং	মন্তব্য
১.	কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র	১২৪ (মহিলা: ২৪, পুরুষ: ৯০ শিশু: ১০)	৪৪১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮	চিফ কনসালটেন্ট ফোন : ০২-৮৮৭০৬২০	
২.	বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	২৫	৭/এ-১(নতুন-১৪), রোড নং-৩, নাসিরাবাদ হাউজিং সোসাইটি, চট্টগ্রাম।	তত্ত্বাবধায়ক ফোন : ০২-৩৩৪৪৫৫৩৮০	
৩.	বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী	২৫	৪৩৯ উপ-শহর, তেরখাদিয়া, রাজশাহী।	তত্ত্বাবধায়ক ফোন : ০২-৫৮৮৮৬৩২১৮	

৪.	বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, খুলনা	২৫	আইডিয়াল নার্সি ং হোম বিল্ডিং (৩য় ও ৫ম তলা), ১২৬ এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা বাইপাস, গল্লামারী, খুলনা।	তত্ত্বাবধায়ক ফোন : ০২-৪৭৭৭২১১৪৯	

১৯.৩ সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে রোগীদের পরিসংখ্যান :

বছর	আন্তঃবিভাগ		বহির্বিভাগ		মোট রোগী	নতুন রোগী	পুরাতন রোগী
	পুরুষ	শিশু/মহিলা	পুরুষ	শিশু/মহিলা			
২০২০	৪৩৩৫	৪৯৬	৯৩৭৫	৭৪৬	১৪৯৫২	৯১৭৯	৫৭৭৩
২০২১	৪১৮৯	২৩৮	৫৪১২	১৭৫	১০০১৪	৫৭৬৯	৪২৪৫
২০২২/জুন	৩২৮৬	১৪১	৬২৫২	২২৫	৯৯০৪	৪৫২০	৫৩৮৪

১৯.৪ বেসরকারি লাইসেন্স প্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা :

সাল	রোগীর সংখ্যা
২০২০	১৫১৮১
২০২১	৯৮৭৬
২০২২/জুন	৮৮৩০

১৯.৫ মাদকাসক্ত রোগী ও পরিবারের জন্য কাউন্সেলিং সেবা: মাদকাসক্ত রোগী ও পরিবারগুলোকে কাউন্সেলিং সেবা প্রদানের লক্ষ্যে ৭ অক্টোবর ২০১৫ হতে পুনরায় পারিবারিক কাউন্সেলিং সেবা চালু করা হয়েছে। সপ্তাহের প্রতি বুধবার কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বেলা ১১.০০টা হতে দুপুর ১টা পর্য ন্ত পারিবারিক কাউন্সেলিং সেবা দেওয়া হচ্ছে। প্রত্যেক সপ্তাহে প্রায় ৩০-৩৫ জন পারিবারিক কাউন্সেলিং সেবা গ্রহণ করে থাকে। জুন, ২০২২ পর্য ন্ত কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৮ হাজার ৭৬ জনকে এ সেবা প্রদান করা হয়েছে। এছাড়া বেসরকারিভাবে ২০২১-২০২২ অর্থ বছরে১৩ হাজার ২৪৫ জনকে কাউন্সেলিং সেবা প্রদান করা হয়েছে।

১৯.৬ ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসাইন্স ও হাসপাতালে কর্ম শালা : দেশের বিদ্যমান সরকারি চিকিৎসা ব্যবস্থাকে কাজে লাগিয়ে মাদকাসক্ত ব্যক্তিদের চিকিৎসার আওতায় আনয়নের কর্ম পরিকল্পনা (Action Plan) প্রণয়ন বিষয়ে গত ১৭-১১-২০২১ তারিখ কর্ম শালা অনুষ্ঠিত হয়েছে :

কর্ম শালার খন্ড চিত্র

১৯.৭ ইকো প্রশিক্ষণ : Colombo Plan Gi Aaxb International Centre for Certification and Education of Addiction Professionals (ICCE) এর ব্যবস্থাপনায় বাংলাদেশে মাদকাসক্তদের চিকিৎসায় নিয়োজিত চিকিৎসক, মনোচিকিৎসক ও কাউন্সিলরগণকে ৯টি কারিকুলামের উপর ২০১৩ সালে Training of

Trainers (TOT) প্রশিক্ষণ কার্য ক্রম শুরু হয়। ডিসেম্বর ২০১৭ তারিখে ২৩টি কারিকুলামের উপর প্রশিক্ষণ প্রদান শেষ হয়। প্রশিক্ষণপ্রাপ্ত ১৪ জন জাতীয় প্রশিক্ষক (National Trainers) দেশে নিবন্ধিত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা সেবায় নিয়োজিত এডিকশনাল প্রফেশনালদের প্রশিক্ষণ প্রদান করছেন। ২০১৩ সালে ৩টি ব্যাচে ৬০ জন, ২০১৪ সালে ৩টি ব্যাচে ৬৭ জন, ২০১৫ সালে ১টি ব্যাচে ২৫ জনকে এবং ২০১৬ সালে ৫টি ব্যাচে ১৪৩ জন এবং ২০১৭ সালে ১১টি ব্যাচে ৩৩৬ জন এডিকশনাল প্রফেশনালদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এদের মধ্যে ৯৬ জন ৮ কারিকুলাম সম্পন্ন করেছেন, যাদের মধ্যে ৬৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন এবং ২৪ জন কৃতকার্য হন। আসক্তি পেশাজীবীদের জন্য মাদকদ্রব্য ব্যবহার, রোগ ও চিকিৎসা বিষয়ের উপর জানুয়ারি, ২০১৩ থেকে জুন, ২০২২ পর্য ন্ত মোট ১ হাজার ৯৬০ জনকে ইকো প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে২৩৭ জনকে ইকো প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সর্ব শেষ৫৫তম ব্যাচে ২৫ জনকে ১০ দিনব্যাপী ইকো প্রশিক্ষণ দেয়া হয়েছে। প্রশিক্ষণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরাধীন লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের মালিক বা পরিচালক অংশগ্রহণ করেন।

55th Echo Training on Universal Treatment Curricular for Addiction Professionals in Bangladesh (Date : 29 May to 07 June, 2022)

১৯.৮ ঢাকাস্থ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশুদের চিকিৎসা প্রদান : বিগত ২০১৩ সালে ঢাকার তেজগাঁওস্থ কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশু/পথশিশুদের জন্য ১০ শয্যার চিকিৎসা সুবিধা চালু করা হয়। শিশু মাদকাসক্তদের চিকিৎসার জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এবং ঢাকা আহছানিয়া মিশনের মধ্যে ০৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। উক্ত স্মারক অনুযায়ী আহছানিয়া মিশন কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে মাদকাসক্ত শিশুদের প্রেরণ করে। কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে তাদের চিকিৎসা সেবা প্রদান করা হয়। পরবর্তীতে এক মাস চিকিৎসা শেষে পুনর্ব াসনের জন্য তাদেরকে আবার আহ্ছানিয়া মিশনের কাছে ফেরত দেয়া হয়। ২০২০-২১ অর্থ বছরে৭০ জন পথশিশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৮৯ জন পথশিশুকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।

১৯.৯ কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার আধুনিকীকরণ এবং বিভাগীয় পর্য ায়ে সম্প্রসারণ: অধিদপ্তরের অধীন কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার মাদক মামলায় জব্দকৃত আলামতের নমুনা রাসায়নিক পরীক্ষার জন্য দেশের একমাত্র স্বীকৃত প্রতিষ্ঠান। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ছাড়াও দেশে মাদক অপরাধ নিয়ন্ত্রণে সংশ্লিষ্ট অন্যান্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী কর্তৃক জব্দকৃত মাদক আলামতের নমুনার রাসায়নিক পরীক্ষণ রিপোর্ট বিনামূল্যে স্বল্প সময়ের মধ্যে প্রদান করা হয়। ২০২০-২০২১ অর্থ বছরে১৫ হাজার ৮৭২টি রিপোর্ট প্রদান করা হয়েছে।

১. মাদকদ্রব্যের পরীক্ষণ রিপোর্ট সমূহ দ্রুত প্রদান এবং সরকারের ব্যয় সাশ্রয়ের জন্য সরকার দেশের প্রতিটি বিভাগীয় কার্য ালয়ে রাসায়নিক পরীক্ষাগার স্থাপন করার লক্ষ্যে কাজ করছে। চট্টগ্রামে নবনির্মি ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের বিভাগীয় ভবনের চতুর্থ তলায় রাসায়নিক পরীক্ষাগার স্থাপনে চলমান। উক্ত পরীক্ষাগারে

কার্য ক্রম চালুকরণের জন্য বিভিন্ন ক্যাটাগরির২১টি পদ সৃজন করা হয়েছে। চট্টগ্রামে রাসায়নিক পরীক্ষাগারে কার্য ক্রম চালু হয়েছে।

২. মাদকদ্রব্যের নমুনা পরীক্ষণের যন্ত্রপাতি GC-MS (Gas Chromatography-Mass Spectrophotometer), HPLC (High Performance Liquid Chromatography), UV-VIS (Ultra-Violet Spectrophotometer), FTIR (Fourier Transform Infra-Red) Spectrophotometer, Drug Dectecting Device ক্রয়ের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া, ঢাকার কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার ব্যতীত অপর ৭টি বিভাগের প্রতিটিতে ১১ জনবলের পদ সৃজন করা হয়েছে।

৩. ঢাকাস্থ কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারের ১টি এবং চট্টগ্রামস্থ রাসায়নিক পরীক্ষাগারের ১টিসহ মোট ২ ল্যাবরেটরি কক্ষকে KOICA'র সহায়তায় আন্তর্জাতিক মানে উন্নীতকরণের কার্য ক্রম ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

৪. চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও রাজশাহী বিভাগীয় কার্য ালয়ে রাসায়নিক পরীক্ষাগার নির্ম াধীন রয়েছে।

৫. মাদকদ্রব্যের তাৎক্ষণিক পরীক্ষণের জন্য দেশীয় প্রযুক্তি ব্যবহার করে উৎপাদিত আন্তর্জাতিক মানের 'ড্রাগ টেস্টিং কিট বক্স' আইন-শৃংখলা বাহিনীসহ অধিদপ্তরের ৬৪টি জেলা কার্য ালয়ে সরবরাহ ও ব্যবহারের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৬. পরীক্ষাগার তথা প্রযুক্তিতে আধুনিকায়ন হওয়ায় এ সরকারের সময় রাসায়নিক পরীক্ষণ রিপোর্ট ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে মোবাইল মেসেজের মাধ্যমে দ্রুত সময়ে প্রদান করার ফলে মাদক অপরাধ সংক্রান্ত মামলাসমূহের বিচার কার্য ক্রম ত্বরান্বিত হচ্ছে।

১৯.১০ অধিদপ্তরের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে আলামতের পরীক্ষণ ও রিপোর্ট প্রণয়নের পরিসংখ্যান:

বছর	নমুনা পরীক্ষণ ও রিপোর্ট প্রণয়নের সংখ্য		
	পজেটিভ	নেগেটিভ	মোট
২০১৮	৫১,৪৪৫	০০	৫১,৪৪৫
২০১৯	৩৭,৩২২	০০	৩৭,৩২২
২০২০	১৫,৯৩০	০০	১৫,৯৩০
২০২১	১৭,৫৭১	০০	১৭,৫৭১
২০২২	১৫,৮৪৭	০০	১৫,৮৪৭

২০.০ বহির্বিশ্বের বিভিন্ন দেশ ও সংস্থার সাথে অধিদপ্তরের কার্য ক্রম: মাদকদ্রব্য নিয়ন্ত্রণে বাংলাদেশ ও ভারতের মধ্যে এ পর্য ন্ত মহাপরিচালক পর্য ায়ে নিয়মিত দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হচ্ছে পাশাপাশি ইয়াবা পাচার রোধকল্পে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে দ্বিপাক্ষিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। প্রতিটি সভাতেই মিয়ানমারকে ইয়াবার উৎপাদন ও প্রবাহ বন্ধ করার জন্য এবং মিয়ানমার সীমান্তে অবস্থিত ইয়াবা তৈরির কারখানা সম্পর্কে গোয়েন্দা তথ্য বিনিময়সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এ লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে । যেমন-

মাদকদ্রব্য নিয়ন্ত্রণে বাংলাদেশ-মিয়ানমারের মধ্যে ১৯৯৪ সালে স্বাক্ষরিত চুক্তির আওতায় এ পর্য ন্ত ৩টি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়েছে। উভয় দেশের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রথম সভা ১৫-১৭ নভেম্বর ২০১১ ইয়াংগুনে, দ্বিতীয় দ্বিপাক্ষিক সভা ২০১৫ খ্রিঃ ৫-৬ মে ঢাকায় এবং তৃতীয় সভা ২০১৭ খ্রিঃ ২০-২২ আগস্ট তারিখে ইয়াংগুনে অনুষ্ঠিত হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাংলাদেশ এবং সিসিডিএসি, মিয়ানমারের মধ্যে ৪র্থ সভা দ্বিপক্ষীয় আলোচনা

(অনলাইন প্ল্যাটফর্ম-জুম) ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত হয়েছে । ২৭.১০.২০২১ তারিখে ভারতের সাথে মহাপরিচালক পর্য ায়ে৭মসভা দ্বিপক্ষীয় আলোচনা (অনলাইন প্ল্যাটফর্ম-জুম) অনুষ্ঠিত হয়েছে।

The 7th Director General Level Talks between DNC, Bangladesh and NCB, India held on 27.10.2021

২১.০ (ক) প্রকল্প সংক্রান্ত কার্য ক্রম

(লক্ষ টাকায়)

ক্রম	প্রকল্পের নাম	জড়িত টাকা	মেয়াদ	বাস্তবায়ন অগ্রগতি		মন্তব্য
				আর্থি ক	ভৌত	
০১	৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন	৩৬০৭.৬২	জানুয়ারি, ২০১৯ হতে ৩০ জুন ২০২২	৩৪৭৪.৬০	১০০%	প্রকল্পটির কার্য ক্রম ৩০ জুন ২০২২ তারিখে সমাপ্ত হয়েছে
০২	ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ	১৬২.৩৪১৪	জুলাই, ২০২২ হতে জুন, ২০২৫	০০	০০	প্রকল্পটি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপিভুক্ত ছিল।